

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ১৪-১২-২০২৩

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (১১-১২-২০২৩ থেকে ১৩-১২-২০২৩ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে:

১১ ডিসেম্বর: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কোচবিহার জেলার দুয়েক জায়গায় ঘন কুয়াশা (দৃশ্যমানতা: ৫০-১৯৯ মি) ছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি ও কোচবিহার জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পশ্চিম বর্ধমান জেলার দুয়েক জায়গায় মাঝারি থেকে হালকা ধরণের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশা ছিল। পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): নেই

১২ ডিসেম্বর: পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): নেই

১৩ ডিসেম্বর: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি, দার্জিলিং ও আলিপুরদুয়ার জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): চম্পাসারি:২; বারোবিশা:১

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ): উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৬৯ থেকে ৭৯ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৬২ থেকে ৮৭ শতাংশ।

সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা : উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বনিম্ন তাপমাত্রা ১২ ই ডিসেম্বর পুরুলিয়া তে ৯.৮ ডিগ্রি ডিগ্রি সেলসিয়াস ছিল।

রাতের তাপমাত্রা

তারিখ	স্বাভাবিক	স্বাভাবিকের থেকে			
		২-৪ ডিগ্রি সেলসিয়াস কম	৫-৬ ডিগ্রি সেলসিয়াস কম	২-৪ ডিগ্রি সেলসিয়াস বেশী	৫-৬ ডিগ্রি সেলসিয়াস বেশী
	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম
১১-১২-২০২৩	দার্জিলিং, মেদিনীপুর, আলিপুর, দমদম, কাঁথি, দীঘা	কৃষ্ণনগর	--	কালিম্পং, জলপাইগুড়ি, কোচবিহার, মালদা, বালুরঘাট	--
১২-১২-২০২৩	কোচবিহার, মেদিনীপুর, আলিপুর, কাঁথি, দীঘা	কৃষ্ণনগর	--	দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, মালদা, বালুরঘাট, দমদম	--
১৩-১২-২০২৩	দার্জিলিং, মেদিনীপুর, আলিপুর, কাঁথি, দীঘা	কৃষ্ণনগর	--	কালিম্পং, জলপাইগুড়ি, কোচবিহার, মালদা, বালুরঘাট, দমদম,	--

পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

১৪ ডিসেম্বর (দিন ১) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং জেলার দুয়েক জায়গায় হালকা বৃষ্টিপাত অথবা তুষারপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। পশ্চিমবঙ্গের জেলাগুলোর দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরনের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশার সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ৫ দিন, রাতের তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না।

১৫ ডিসেম্বর (দিন ২)-

পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। পশ্চিমবঙ্গের জেলাগুলোর দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরনের (দৃশ্যমানতা: ২০০-৯৯৯ মিটার) কুয়াশার সম্ভাবনা আছে।

১৬ ডিসেম্বর (দিন ৩) -

পশ্চিমবঙ্গের জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

সতর্কীকরণ:

১৪ ডিসেম্বর (দিন ১) -

কোন সতর্কবার্তা নেই।

১৫ ডিসেম্বর (দিন ২)-

কোন সতর্কবার্তা নেই।

১৬ ডিসেম্বর (দিন ৩) -

কোন সতর্কবার্তা নেই।

পরবর্তী ২ দিনের অনুমান: সামান্য পরিবর্তন হবে।

স্বাক্ষরিত
১৯

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর, কলকাতা-২৭

১৪-১২-২০২৩